



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
মেহেরপুর।

www.dae.meherpur.gov.bd

“কৃষিই সমৃদ্ধি”



স্মারক নং: ১২.০১.৫৭০০.০০০.২৭.০০১.২২/১৯৮

তারিখ: ২৮/২/২০১৯

### অফিস আদেশ

ইদানিং লক্ষ করা যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মেহেরপুর জেলার অধীনস্থ কিছু কর্মকর্তা/কর্মচারী সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ এর নিয়মাবলী অনুসরণ না করে যত্রতত্র ফেসবুক আইডি, হোয়াটস অ্যাপ ইউটিউব, ইমো ও ইনস্টাগ্রাম সহ বিভিন্ন মাধ্যমে পোস্ট ও লিংক শেয়ার করছেন। উক্ত পোস্ট বা লিংক শেয়ার করার ক্ষেত্রে বিষয়বস্তু সম্পর্কে সুষ্ঠু অনুধাবন না করেই এ কাজগুলো করছেন। যার ফলে কোন কোন ক্ষেত্রে ব্যক্তি, সম্প্রদায় ও প্রতিষ্ঠানের স্বাভাবিক সম্প্রীতি নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে, বিধায় সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সতর্কতা অবলম্বনপূর্বক সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ এর ধারা ১০ (পরিহারযোগ্য বিষয়াদি) অনুসরণ করার জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হলো।

সামাজিক যোগাযোগ মাধ্যমে নিম্নোক্ত বিষয়সমূহ প্রকাশ করা যাবে না-

- ক. জাতীয় ঐক্য পরিপন্থি কোন রকম তথ্য-উপাত্ত।
- খ. কোন সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন বা ধর্ম নিরপেক্ষতার নীতি পরিপন্থি কোন তথ্য-উপাত্ত।
- গ. রাজনৈতিক মতাদর্শ বা আলোচনা সংশ্লিষ্ট কোন তথ্য-উপাত্ত।
- ঘ. বাংলাদেশে বসবাসকারী কোন ক্ষুদ্র জাতিসত্তা, নৃগোষ্ঠি বা সম্প্রদায়ের প্রতি বৈষম্যমূলক বা হেয় প্রতিপন্নমূলক তথ্য-উপাত্ত।
- ঙ. কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা রাষ্ট্রকে হেয় প্রতিপন্ন করে এমন তথ্য-উপাত্ত।
- চ. লিঙ্গ বৈষম্য বা এই সংক্রান্ত বিতর্কমূলক কোন তথ্য-উপাত্ত।
- ছ. জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোন বিষয়, লেখা, অডিও বা ভিডিও ইত্যাদি।
- জ. আত্মপ্রচারগামূলক কোন পোস্ট এবং
- ঝ. ভিত্তিহীন, অসত্য ও অশ্লীল তথ্য প্রচার।

স্বাঃ/বিজয় কৃষ্ণ হালদার  
উপপরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
মেহেরপুর।

ফোন-০২৪৭৭৭৯২৩৭১

ই-মেইল- [ddae.meherpur@gmail.com](mailto:ddae.meherpur@gmail.com)

স্মারক নং: ১২.০১.৫৭০০.০০০.২৭.০০১.২২/১৯৮(৬)

তারিখ: ২৮/২/২০১৯

অনুলিপি:

- ০১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চল, যশোর। (সদয় জ্ঞাতার্থে)
- ০২। জেলা প্রশিক্ষণ অফিসার, ডিএই, অত্র দপ্তর।
- ০৩। অতিরিক্ত উপপরিচালক (শস্য/সিপি/উদ্যান), ডিএই, অত্র দপ্তর।
- ০৪। উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর/মুজিবনগর/গাংনী, মেহেরপুর। (কার্যার্থে)
- ০৫। কৃষি প্রকৌশলী, ডিএই, অত্র দপ্তর।
- ০৬। প্রশাসন/ উন্নয়ন শাখা/হিসাব শাখা, অত্র দপ্তর।

২৮/২/১৯১৯  
বিজয় কৃষ্ণ হালদার  
উপপরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
মেহেরপুর।